**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 11 MAY 2026 ,MONDAY | ১১ মে ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-158


## কালীঘাটে মা কালীর মন্দিরে পুজো দিলেন অগ্নিমিত্রা পাল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১০ মে :** গতকাল ৯মে শনিবার কলকাতার ব্রিগেডে মন্ত্রী রূপে শপথ নেওয়ার পর আজ রবিবার সতীপীঠ কালীঘাটে মা কালীর মন্দিরে সবার মঙ্গল কামনায় অর্ঘ্য নিবেদন করলেন রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল । পুজো দিয়ে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন, সবার মঙ্গল কামনায় আজ মায়ের কাছে পুজো দিতে আসা।

## আলোকসজ্জা ভাঙচুর দুষ্কৃতীদের আলিপুরদুয়ারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ মে :** গভীর রাতের নীরবতার সুযোগ নিয়ে আলিপুরদুয়ার শহরের শোভাগঞ্জ এলাকায় শামতুকতলা রোডের ধারে অবস্থিত বিশ্ব বাংলা গেটের আলোকসজ্জা ভাঙচুর করেছে অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীরা বলে অভিযোগ। জানা গেছে, গেটের উপরে থাকা বিশ্ব বাংলা লোগোযুক্ত গ্লোব লক্ষ্য করেও পাথর ছোড়া হয়, যদিও কাঠামোর বড় ধরনের কোনও ক্ষতি হয়নি বলে জানা গিয়েছে। এই ঘটনায় এলাকাবাসীর মধ্যে উদ্বেগ ছড়িয়েছে এবং জনসাধারণের সম্পত্তি ভাঙচুরের তীব্র নিন্দা করা হয়েছে। পৌরসভার প্রবেশদ্বারের সৌন্দর্যবর্ধনকারী আলোকসজ্জা নষ্ট হওয়ায় শহর জুড়ে সমালোচনার ঝড় উঠেছে। তবে এখনও পর্যন্ত এই ঘটনার সঙ্গে জড়িতদের পরিচয় জানা যায়নি।যদিও পৌরসভার পক্ষ থেকে এখনও কোনও আনুষ্ঠানিক এফআইআর দায়ের করা হয়নি, তবুও ঘটনাটি সামনে আসার পরই পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর ফোনে পুলিশকে বিষয়টি জানান। পুলিশ স্বতঃপ্রণোদিত হয়ে ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু করেছে।প্রসেনজিৎ কর বলেন, "এই ঘটনার সঙ্গে কারা জড়িত তা এখনও চিহ্নিত করা যায়নি। বিষয়টি নিয়ে শীঘ্রই থানায় একটি আনুষ্ঠানিক এফআইআর দায়ের করা হবে।"

## সেবক করোনেশন সেতুতে ভারী যান চলাচল প্রতিরোধে লাগানো হলো হাইট বার



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১০ মে :** শিলিগুড়ির সাথে দার্জিলিং ও কালিম্পং এর সংযোগকারী সতেরো নম্বর জাতীয় সড়কে তিস্তা নদীর উপর নির্মিত সেবক করোনেশন সেতুর উপর দিয়ে ভারী যান চলাচল প্রতিরোধে সেতুর দুই মুখে লাগানো হলো হাইট বার। শিলিগুড়ি থেকে কুড়ি কিলোমিটার দূরে অবস্থিত এই সেতুটি একটি ঐতিহাসিক স্থাপত্য নিদর্শন যা স্থানীয় এলাকায় বাঘ পুল নামে পরিচিত। জানা যায় ১৯৩৭ সালে রাজা ষষ্ঠ জর্জের রাজ্যাভিষেকের স্মরনে এই সেতুটির নির্মান কাজ শুরু হয়, ১৯৪১ সালে এটির নির্মান কাজ শেষ হলে যাতায়াতের জন্য খুলে দেওয়া হয়। তৎকালীন গভর্নর জন এন্ডারসন ১৯৩৭ সালে এই সেতুটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। পুরনো এই সেতুটি দুর্বল হয়ে পড়ায় জাতীয় সড়ক কর্তৃপক্ষ সেতুর উপর দিয়ে ভারী যানবাহন চলাচলে বিধিনিষেধ আরোপ করে। জাতীয় সড়ক কর্তৃপক্ষ এই সেতুর উপর দিয়ে ভারী যান চলাচল প্রতিরোধের জন্য সেতুর দুই মুখে হাইট বার লাগিয়ে দেয়। হাইট বার লাগানোতে ভারী যান বাহন সেতুতে উঠতে পারবেনা বলে জানিয়েছে জাতীয় সড়ক কর্তৃপক্ষ।

## সিন্ডিকেট নিয়ে প্রশ্ন আলিপুরদুয়ারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ মে :** সিন্ডিকেটের মাধ্যমে চলছে অটো। সিন্ডিকেটের নাম লিখা নেই অটোর কাগজ এর প্রয়োজন হয় না ।প্রয়োজন হয় না ড্রাইভিং লাইসেন্সের। কোন অভিযোগ করেও এতদিন লাভ হয়নি অটো চালক দের বিরুদ্ধে। আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কে চলাচলের একমাত্র ভরসা অটো। হাতেগোনা এক দুইটি সরকারি বাস রয়েছে বেসরকারি বাস এখন আর দেখা যায় না আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কে। প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটছে অতিরিক্ত যাত্রী নিয়ে চলাফেরা করার দরুন। রাজ্যে সরকারের পরিবর্তন হয়েছে। অটো চালক দের এই পদ্ধতি কি বদল হবে এখন ? সিন্ডিকেট কি এখনো থাকবে ? নানা রকম প্রশ্ন উঠে আসছে সাধারণ মানুষের মধ্য থেকে। গত দুদিন আগে শামুক তলায় ভয়াবহ দুর্ঘটনা ঘটে সেখানেও দেখা গেছে অতিরিক্ত যাত্রী বোঝাই করে আলিপুরদুয়ার যাওয়ার পথে এই দুর্ঘটনা ঘটেছে যেখানে চালকের ড্রাইভিং লাইসেন্স থাকলেও গাড়ির ইন্সুরেন্স পলিউশন কোন কিছুই ছিল না।

# ১২৫টির বেশি প্রজাতির প্রজাপতির খোঁজ পাওয়া গেছে বক্সার জঙ্গলে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ মে :** বক্সা অরণ্যে চারদিনব্যাপী প্রজাপতি ও মথ পর্যবেক্ষণ শিবির সফলভাবে সম্পন্ন হয়েছে, যেখানে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে শীর্ষস্থানীয় প্রজাপতি ও মথ বিশেষজ্ঞরা অংশগ্রহণ করেন। শিবিরে দিনের বেলায় নিবিড় প্রজাপতি পর্যবেক্ষণের পাশাপাশি রাতের সময় ক্যামেরা ট্র্যাপিং ও মথ পর্যবেক্ষণ চলে প্রায় রাত ২টো পর্যন্ত। দীর্ঘ বিরতির পর আবারও বক্সায় বড় আকারের প্রজাপতি পর্যবেক্ষণ শিবিরের আয়োজন করা হয়, যা গবেষক, প্রকৃতিপ্রেমী ও বন্যপ্রাণ অনুরাগীদের ব্যাপক সাড়া ফেলে। বক্সা টাইগার রিজার্ভের শীর্ষ আধিকারিকরাও অনুষ্ঠানের বিশেষ আলোচনা পর্বে উপস্থিত ছিলেন।বনদপ্তরের সক্রিয় সহযোগিতায় আয়োজিত এই শিবিরের পঞ্চম সংস্করণ সফলভাবে শেষ হয় রায়মাটাং-এ, যা 'প্রজাপতির স্বর্গ' নামে পরিচিত।সাম্প্রতিক সমীক্ষা অনুযায়ী, বক্সা টাইগার রিজার্ভে ৪৫০টিরও বেশি প্রজাতির প্রজাপতি পাওয়া যায়, যা এটিকে এই অঞ্চলের অন্যতম সমৃদ্ধ প্রজাপতি আবাসস্থল করে তুলেছে। তিনদিনের মাঠপর্যায়ের পর্যবেক্ষণে ২৫ জন অংশগ্রহণকারী ১২৫টিরও বেশি প্রজাতির প্রজাপতি নথিভুক্ত করেন, যা বক্সা অরণ্যের অসাধারণ জীববৈচিত্র্যকে আরও স্পষ্ট করে।প্রজাপতি বিশেষজ্ঞ রুদ্রপ্রসাদ দাস বলেন, "মাত্র তিনদিনে আমরা বক্সায় পাওয়া প্রজাপতির প্রায় এক-চতুর্থাংশ প্রজাতি পর্যবেক্ষণ করতে পেরেছি। এটি একটি বড় সাফল্য। প্রজাপতি পরিবেশের স্বাস্থ্যের গুরুত্বপূর্ণ সূচক। বক্সার প্রজাপতির বৈচিত্র্য প্রমাণ করে যে অরণ্যের বাস্তুতন্ত্র এখনও সুস্থ ও স্থিতিশীল রয়েছে।"তিনি আরও বলেন, রাজ্যজুড়ে এ ধরনের শিবির আরও বেশি করে আয়োজন করা উচিত, যাতে সচেতনতা ও সংরক্ষণ প্রচেষ্টা আরও জোরদার হয়।অন্যদিকে, প্রজাপতি বিশেষজ্ঞ যুধাজিৎ দাসগুপ্ত বিশ্বজুড়ে পোকামাকড়ের ক্রমবর্ধমান সংকটের কথা তুলে ধরেন। তিনি বলেন, "বিশ্বের প্রায় ৭০ শতাংশ পোকামাকড় প্রজাতি বর্তমানে বিলুপ্তির মুখে। পোকামাকড় বিলুপ্ত হয়ে গেলে মানুষের অস্তিত্বও বিপন্ন হয়ে পড়বে। তাই নতুন প্রজন্মের মধ্যে সচেতনতা বাড়াতে এবং এই বিষয়ক গবেষণা উৎসাহিত করতে আরও বেশি শিবিরের প্রয়োজন।"

# এখনও ভাঙা অবস্থায় পড়ে রয়েছে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১০ মে :** কোচবিহারে এখনও অনেক স্থানেই ভাঙা অবস্থায় পড়ে রয়েছে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয় । ছড়িয়ে ছিটিয়ে রয়েছে ছেঁড়া দলীয় পতাকা , চেয়ার টেবিলের অংশ । আজ এই দৃশ্যই দেখা গেল কোচবিহারের পুন্ডিবাড়ি তে একটি দলীয় কার্যালয়ে , যেটা কিছুদিন পূর্বেও জমজমাট থাকতো তৃণমূল কর্মী - সমর্থকদের উপস্থিতিতে ।

# পাচারের আগেই উদ্ধার দুই কিশোরী



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের হাসিমারা থানার ওসি র নেতৃত্বে পুলিশের একটি দল হ্যামিল্টনগঞ্জ থেকে দুই কিশোরীকে উদ্ধার করেন। রবিবার নির্ভরযোগ্য সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে এই অভিযান চালানো হয়। পুলিশের অনুমান বাইরে পাচারের উদ্দ্যেশ্যে এই দুই কিশোরীকে নিয়ে আসা হয়েছিলো। পুলিশের তৎপরতায় কিশোরী দুই জন উদ্ধার হওয়ায় পুলিশকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী। উদ্ধার হওয়া কিশোরী দুজনকে নিরাপদ আশ্রয়ে রাখা হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# রহস্যময় বস্তুকে কেন্দ্র করে বোমাতংক বাসিন্দাদের মধ্যে ,চাঞ্চল্য এলাকায়



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১০ মে :** শিলিগুড়ি পৌর এলাকার বিয়াল্লিশ নম্বর ওয়ার্ডের প্রধাননগর পাইপ লাইন এলাকায় রহস্যময় একটা বস্তুকে কেন্দ্র করে শনিবার রাতে বোমাতংক ছড়ায়। স্থানীয়রা বস্তুটিকে দেখতে পেয়ে খবর দেন ভক্তিনগর থানায়। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ভক্তিনগর থানার পুলিশ ও কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর জওয়ানরা। তারা এলাকাটিকে ঘিরে ফেলে খবর দেন সামরিক বাহিনীর বম্ব ডিসপোজাল স্কোয়াডকে। সেনাবাহিনীর বম্ব ডিসপোজাল স্কোয়াডের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে রহস্যময় বস্তুটিকে উদ্ধার করে নিয়ে যান। তারা জানান এটি সামরিক বাহিনীর আর্টিলারি সেল। তাদের অনুমান গত অক্টোবরে সিকিমে যে বন্যা হয়েছিলো সেই সময় এটি ভেসে আসে ও কেউ এটিকে পায়। পরে আতঙ্কে এই বস্তুটিকে রাতের বেলা এই এলাকায় ফেলে রেখে যায়। বস্তুটি উদ্ধার হওয়ায় আতঙ্কমুক্ত হয়েছেন এলাকাবাসী। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

# প্রতিবেশীদের বিবাদের জেরে প্রাণ গেল একজনের





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ মে :** দুই প্রতিবেশীর বিবাদের জেরে প্রাণ হারালেন এক ব্যক্তি। ঘটনাটি ঘটেছে শনিবার রাতে মাদারিহাট বীরপাড়া ব্লকের বাঁধাপানি চা বাগানের উপর লাইনের মালি ধুরা এলাকায়।পুলিশ সূত্রে জানা যায় মৃতের নাম বিমল মাহালি। বয়স অনুমানিক ৪৮ বছর। দুই প্রতিবেশীর মধ্যে বিবাদ লেগেই থাকতো। বিবাদের জেরে একে অপরকে কাঠের বাটাম দিয়ে আঘাত করলে ঘটনা স্থলেই বিমল মহালীর মৃত্যু হয় বলে জানা যায়।বীরপাড়া থানার ওসি রিকি তামাং বলেন, ঘটনায় অভিযুক্ত বিমান মুন্ডা এবং তার স্ত্রী কমল নাগ মুন্ডা নামে দুই জনকে গ্রেফতার করে তদন্ত শুরু করা হয়েছে।

# চা বাগানের পরিত্যক্ত বাড়ি থেকে উদ্ধার তিনটি গোখরো সাপ



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ মে :** আলিপুরদুয়ার জেলার ভার্নাবাড়ি চা বাগানের পরিত্যক্ত একটি বাড়ি থেকে রবিবার উদ্ধার হলো তিনটি গোখরো সাপ। জানা গেছে এদিন সকালে স্থানীয়রা সাপ গুলিকে দেখতে পেয়ে খবর দেন বন দপ্তরের কালচিনি রেঞ্জের কর্মীদের। খবর পেয়ে বন দপ্তরের প্রশিক্ষণ প্রাপ্ত বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে সাপ তিনটিকে উদ্ধার করেন। তারা জানান সাপ গুলি স্পেক্ট্যাকেল কোবরা, অত্যন্ত বিষাক্ত। তারা সাপগুলিকে উদ্ধার করে নিয়ে যান ও নিরাপদ আশ্রয়ে ছেড়ে দেন। সাপ গুলি উদ্ধার হওয়ায় আতঙ্ক মুক্ত হিয়েছেন স্থানীয় বাসিন্দারা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |